গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd | http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ৬৭৭

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪৩১ ব:
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্তদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের আগামী ২০/০২/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ও কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে। **উল্লেখ্য যে, ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক সম্মান/ স্নাতক সম্মান প্রফেশনাল কোর্সে ( যে কোন শিক্ষাবর্ষ হোক কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ছাড়া ২য় সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।**

১। **ভর্তির সময়সূচি:**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত চূড়ান্ত ভর্তি ফরম (দুই কপি) প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী **১৮/০২/২০২৫ থেকে ২০/০২/২০২৫** তারিখ বেলা ০১:০০টার মধ্যে **ফুলার ভবন সংস্কৃত বিভাগে কমিটির নিকট** জমা দিতে হবে।

**বি:দ্র: ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীকে রাজশাহী কলেজের online admission লিংকে প্রবেশ করে নতুন ভাবে আবেদন ফরম পূরণ করতে হবে। পরবর্তীতে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে টাকা পেমেন্ট দিতে হবে।**

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) শিক্ষার্থীরা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে প্রবেশ করে অথবা কলেজ ওয়েবসাইটের (*https://rc.gov.bd/admission-formfillup/*)-এ প্রবেশ করে **Degree (Pass) Admission** বাটন (মাঝের কমলা বর্ণের) চাপার পর জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর দিয়ে **Next** চাপলে ভর্তির ফরম উন্মুক্ত হবে। ফরমটি যথাযথভাবে ফরম পূরণ করে Submit বাটন চাপলে পেমেন্ট অপশন আসবে এবং ফি'এর পরিমান দেখাবে। উক্ত ফি'এর টাকা নিম্নে প্রদত্ব ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির মাধ্যমে আগামী ১৮/০২/২০২৫ থেকে ২০/০২/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এর নোটিশ কর্নার হতে অথবা ভর্তি বাটনের নিচে প্রদত্ব ফি'এর বাটন চেপে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) যে সকল শিক্ষার্থীর ইতোপূর্বে কলেজে আবেদন করা আছে তাদের পেমেন্ট অপশন আসবে এবং এবং তারা ২(গ) **(DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী)** মোতাবেক ভর্তি ফি পরিশোধ করবে।

(গ) **DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন। |
| ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(ঘ) DBBL পদ্ধতিতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। তারপর *http://rc.gov.bd/admission-formfillup/* লিংকের Degree (Pass) Admission বাটন চেপে অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে গিয়ে Admission roll দিয়ে Next বাটন ক্লিক করলে ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে Confirmation Slip এবং Student Admission Form ডাউনলোড করতে হবে।

(ঙ) **সতর্কতাঃ ২(ক) ধাপ অনসরণের পরেই অবশ্যই ২(খ) ধাপ সম্পন্ন করতে হবে। অন্যথায় ভর্তির নতুন ফরম উন্মুক্ত হবে এবং ফরম পূরণ করে Submit করলে জটিলতার সৃষ্টি হবে। আবেদনের তথ্য ও ফি-এর পরিমান জানতে চাইলে Sign in অপশনে গিয়ে Ref. ID এবং নিজস্ব পাশওয়ার্ড ব্যবহার করে তথ্য দেখতে পারে।**

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা**

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূলনম্বরপত্র কমিটির নিকট জমা দিতে হবে।

(খ) এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-১টি করে।

(গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি।

(ঘ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে।

(ঙ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে https://rc.gov.bd/admission-formfillup/ লিংকের Degree (Pass) Admission বাটন চেপে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip এবং Student Admission Form ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

**৪। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইট, ক্যাশ শাখা ও নোটিশ বোর্ডে দেয়া হবে।**

***বি:দ্র:*** **এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৬৭৭ (৫)

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪৩১ বঃ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্স ভর্তি কমিটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী;
৪। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৬। সংরক্ষণ নথি।

১৬/০২/২০২৫
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী
১৬/০২/২০২৫